www.xtrapapers.com

AQA

A-level
# BENGALI
Unit 2 Reading and Writing

# Insert

Text to be used when answering Section 1

Section 3 Writing Questions 3, 4, 5 and 6

www.xtrapapers.com



## Text for use with Section 1

### আবহাওয়ামণ্ডলের পরিবর্তন

বিগত কয়েক দশক ধরে বিজ্ঞানীরা লক্ষ্য করে আসছেন যে বিশ্বের তাপমাত্রা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। পঞ্চাশ-ষাট বছর পূর্বে পৃথিবীতে যে রকম ঠাণ্ডা পড়তো আজ তা পড়ছে না। সম্প্রতি ভারতের কোনো কোনো অঞ্চলে ৫০° সেলসিয়াস এবং বাংলাদেশে ৪৪° সেলসিয়াস পর্যন্তও তাপমাত্রা উঠেছে। বিশ্বের অন্যান্য দেশে দারুণ খরা এবং বহু অঞ্চলে অতিবৃষ্টি, বন্যা, সাইক্লোন ও হারিকেনের ফলে অনেক পশু ও মানুষের প্রাণহানি ঘটছে। প্রবল বৃষ্টির দরুন বিভিন্ন ধরনের সংক্রামক ব্যাধি যেমন ডেঙ্গু জ্বর, জন্ডিস,ডায়রিয়া ও টাইফয়েড-এ আক্রান্ত হয়ে অনেকের জীবন বিপন্ন হয়েছে। এই তো ২০১৫ সালে প্রবল বৃষ্টির ফলে বাংলাদেশের ঢাকার বড়ো বড়ো রাস্তাগুলো পানির নিচে ডুবে যায়। এর ফলে লোকজন সময় মতো অফিস-আদালত, হাসপাতাল, পরীক্ষা কেন্দ্র এবং বিমানবন্দর ইত্যাদি গুরুত্বপূর্ণ স্থানে পৌঁছুতে পারেনি। ঢাকার অনেক বাড়িঘর পানির নিচে ডুবে যাওয়ার কারণে লোকজন বাস্তুহারা হয়।

বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতির ফলে মানুষের জীবনে আরাম-আয়েশ অনেক বৃদ্ধি পেয়েছে। এই আরাম-আয়েশ করতে গিয়ে মানুষ প্রাকৃতিক সম্পদও ভীষণভাবে অপচয় করছে। প্রচুর পরিমানে বিদ্যুৎ, কয়লা, গ্যাস ও পেট্রোল পোড়ানোর ফলে প্রতি বছর লক্ষ লক্ষ টন কার্বন ডায়ক্সাইড গ্যাস তৈরি হচ্ছে। অতিরিক্ত কার্বন ডায়ক্সাইড গ্যাস পৃথিবীর উপরের আবহাওয়ামণ্ডলে কাচের ঢাকনার মতো আস্তরণ তৈরি করছে। এর ফলে পৃথিবী থেকে তেজষ্ক্রিয় আলো ও তাপ মহাকাশে ঢুকতে পারছে না। পৃথিবীর তাপমাত্রা তাই দ্রুত বেড়েই চলছে। এইভাবে তাপবৃদ্ধিকে বিজ্ঞানীরা 'গ্রীণহাউস এফেক্ট' আখ্যা দিয়েছেন। বৈজ্ঞানিক মতে ২০৫০ সালের মধ্যে বিশ্বের গড় তাপমাত্রা ৩° সেলসিয়াস বেড়ে যেতে পারে। ফলে মেরু অঞ্চলের বরফ গলে গিয়ে সমুদ্রের পানির উচ্চতা তিন মিটার বৃদ্ধি পাবে। বাংলাদেশের এক তৃতীয়াংশ জায়গা সমুদ্রের পানির উচ্চতার চেয়ে মাত্র এক মিটার বেশী। কার্বন ডায়ক্সাইড গ্যাসের বৃদ্ধিকে না ঠেকাতে পারলে বাংলাদেশ, দক্ষিণ ইউরোপ, দক্ষিণ পূর্ব এশিয়ার বহু অঞ্চল বন্যায় প্লাবিত হবে। শুধু তাই নয়, তাপ বৃদ্ধির ফলে গ্রীষ্মাঞ্চলের রোগ-ব্যাধি শীতাঞ্চলের দেশগুলোতে ছড়িয়ে পড়বে।

কার্বন ডায়ক্সাইড গ্যাস বৃদ্ধির আরেক বড়ো কারণ বিশ্বের জনসংখ্যা বৃদ্ধি। পৃথিবীতে দ্রুত হারে জনসংখ্যা বৃদ্ধির ফলে বিদ্যুৎ ও গ্যাসের ব্যবহার বেশী হচ্ছে। মানুষ অর্থের লোভে ঘর-বাড়ি বানানোর উদ্দেশ্যে গাছপালা-বনজঙ্গল ধ্বংস করছে। অথচ এই গাছ থেকেই মানুষ ও জীব-জন্তু অক্সিজেন গ্রহণ করে বেঁচে আছে। অপরদিকে গাছ কার্বন ডায়ক্সাইড গ্যাস শুষে নিয়ে বাতাসে অক্সিজেন ছড়িয়ে দেয়। কাজেই গাছকে ধবংস করলে পৃথিবীতে অক্সিজেন কমবে এবং কার্বন ডায়ক্সাইডের পরিমাণ বাড়বে। এছাড়া অতিবৃষ্টিতে চাষাবাদের উর্বর মাটি সাগরে গিয়ে পড়বে।

মানুষ আবহাওয়া সম্পর্কে লক্ষ্য না করলে নিজেই নিজের সর্বনাশ ডেকে আনবে। তবে আশার কথা, এই সমস্যা সম্পর্কে বিজ্ঞানী ও রাজনীতিকরা অনেক সচেতন হয়েছেন। এই নিয়ে জাতিসংঘের মাধ্যমে বিভিন্ন দেশ কার্বন ডায়ক্সাইড গ্যাস কমাবার উদ্দেশে সভা-সম্মেলন করে আলাপ-আলোচনা ও গবেষণা চালিয়ে যাচ্ছে।

www.xtrapapers.com



## Section 3

নিচের যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও । দু'টি প্রশ্ন একই বিষয় থেকে অবশ্য লিখবে না। প্রতিটি উত্তর অন্তত ২০০ শব্দে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের জন্য ৩০ নম্বর। দু'টি প্রশ্নের জন্য মোট ৬০ নম্বর।

### Literary Topics
### (সাহিত্য-বিষয়ক প্রসঙ্গ)

### Topic 1
### বাংলা উপন্যাস ও গল্প
### Bengali Fiction

**Either**

**3 (a)** তোমার পড়া প্রিয় উপন্যাস কোনটি? উপন্যাসটির চরিত্রগুলোর মধ্যে কোন চরিত্রটি তোমার মনে সবচেয়ে বেশি গভীর দাগ কেটেছে? উপন্যাসটির কাহিনী সংক্ষেপে আলোচনা করে সে সম্পর্কে মন্তব্য করো।

**[30 marks]**

**or**

**3 (b)** তোমার পছন্দের একটি ছোটো গল্পের কাহিনী সংক্ষেপে বর্ণনা করে তোমার পছন্দের কারণগুলো উল্লেখ করো।

**[30 marks]**

### Topic 2
### বাংলা কবিতা ও নাটক
### Bengali Poetry and Drama

**Either**

**4 (a)** তোমার পড়া একটি কবিতার বই অবলম্বনে একজন বাঙালি কবির পরিচয় দাও। তাঁর কবিতাগুলোর মধ্যে তোমার প্রিয় দু'টি কবিতার গুণাগুণ বিশ্লেষণ করে কবির মূল্যায়ন করো।

**[30 marks]**

**or**

**4 (b)** ব্রিটেনে বসবাসকারী বাঙালিদের জীবনযাত্রা নিয়ে রচিত তোমার দেখা বা পড়া একটি নাটকের কাহিনী সংক্ষেপে বর্ণনা করো। নাটকটির বিভিন্ন দিক আলোচনা করে তোমার অভিমত দাও।

**[30 marks]**

www.xtrapapers.com



## Non-literary Topics
## (সাহিত্য নয়, এমন বিষয়ক প্রসঙ্গ )

### Topic 1
### বাংলাদেশের উদ্ভব ও ব্রিটেনে বাঙালি
### The Emergence of Bangladesh and Bengalis in Britain

**Either**

**5 (a)** বাংলাদেশ স্বাধীন হওয়ার মূলে ছিলো বাংলা ভাষাকে রাষ্ট্র ভাষা করার আন্দোলন। স্বাধীনতা আন্দোলনের ইতিহাস পর্যালোচনা করে এই যুক্তির যথার্থতা প্রমাণ করো।

**[30 marks]**

**or**

**5 (b)** ব্রিটেনে বাঙালিদের সংখ্যা দিন-দিন বাড়ছে এবং ধীরে-ধীরে ব্রিটিশ সমাজে সম্পৃক্ত হয়ে তারা বিভিন্ন কাজে-কর্মে ও পেশায় এগিয়ে এসে ব্রিটেনের অর্থনীতিতে বেশ অবদান রাখছেন। সে বিষয়ে তথ্যমূলক একটি প্রবন্ধ লেখো।

**[30 marks]**

### Topic 2
### বাংলা সিনেমা ও গান
### Bengali Cinema and Music

**Either**

**6 (a)** তুমি সম্প্রতি একটি জনপ্রিয় সিনেমা দেখেছো। এর জনপ্রিয়তার কারণগুলো তোমার মতামত সহকারে লেখো।

**[30 marks]**

**or**

**6 (b)** বাংলাদেশ এবং পশ্চিম বাংলার গ্রামে-গঞ্জে প্রচলিত বিভিন্ন পল্লিগীতির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে একটি প্রবন্ধ লেখো। এই গানগুলোর মধ্যে তোমার কোন ধরনের গান বেশি পছন্দ, তার কারণ দেখিয়ে তোমার মন্তব্য লেখো।

**[30 marks]**

**END OF QUESTIONS**

**Copyright information**

For confidentiality purposes, from the November 2015 examination series, acknowledgements of third party copyright material will be published in a separate booklet rather than including them on the examination paper or support materials. This booklet is published after each examination series and is available for free download from www.aqa.org.uk after the live examination series.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team, AQA, Stag Hill House, Guildford, GU2 7XJ.

Copyright © 2018 AQA and its licensors. All rights reserved.